দৈনিক বাংলা

10

তারিখ 04 NOV 1991
পৃষ্ঠা 4 কলাম 4

# ছাত্রী হল দুটিতে সন্ত্রাসীদের তৎপরতার প্রতিবাদ ঃ মিছিল

॥ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥

ক্যাম্পাসে ছাত্র ছাত্রীদের জীবনের নিরাপত্তা বিধান ও সন্ত্রাস বন্ধের দাবীতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাধারণ ছাত্রীরা গতকাল একটি মিছিল বের করে।

সকাল নয়টায় রোকেয়া হল থেকে বের হয়ে মিছিলটি জাতীয় প্রেস ক্লাবের সামনে এসে শেষ হয়।

ছাত্রীরা সাম্প্রতিক সময়ে মেয়েদের আবাসিক হল দুটি সন্ত্রাসীদের তৎপরতায় ক্ষোভ প্রকাশ করে এবং অস্ত্রধারীদের সংগঠন থেকে বহিষ্কারের জন্য দুই নেত্রীর প্রতি আহ্বান জানায়।

## ৪টি সংগঠনের আহ্বান

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা-কর্মচারীদের চারটি সংগঠন ক্যাম্পাসে সন্ত্রাসের বিরুদ্ধে জনমত সৃষ্টির উদ্দেশ্যে ছাত্র-শিক্ষক-কর্মকর্তা-কর্ম-চারীদের একটি সম্মিলিত বৃহত্তর কর্মসূচীর গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানিয়েছে।

গতকাল বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনে ঢাকা বিশ্ববিদ্যালয় অফিসার্স এসোসিয়েশন, বিশ্ববিদ্যালয় কারিগরি কর্মচারী সমিতি এবং ৪র্থ শ্রেণী কর্মচারী ইউনিয়নের এক যৌথ সভায় এ আহ্বান জানানো হয়। অফিসার্স এসোসিয়েশনের সভাপতি মুহাম্মদ সেলিম সভায় সভাপতিত্ব করেন।

সভায় সন্ত্রাসকারীদের বিরুদ্ধে কঠোরভাবে প্রটরিয়াল রুল প্রয়োগের জন্য বিশ্ববিদ্রালয় কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানানো হয়।